<table>
<tr>
<td>৩১।প্রশাসক (ভারপ্রাপ্ত) উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার</td>
<td>ক) প্রশাসক (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ ও উপজেলা নিবাহী অফিসার উপজেলা পরিষদের মাসিক আয়-ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>সেপ্টেম্বর/২০২৫খ্রি: মাসে আয়</th><th>সেপ্টেম্বর/২০২৫খ্রি: মাসে ব্যয়</th></tr>
<tr><td>১। ১% স্থাবর সম্পত্তি হস্তান্তর কর হতে : ১৪,১৮,৮৩৯/-<br>২। বাসাবাড়ী হতে =১৪,৫০০/-</td><td>১। মালির দৈনিক মুজুরী বাবদ =১৫,৪০০/-<br>২। সুইপার দৈনিক মুজুরী বাবদ = ১৫,৪০০/-<br>৩। আপ্যায়ন বাবদ ব্যয় = ৩০,০০০/-<br>৪। আনুষাংগিক খরচ বাবদ ব্যয় = ৫,০০০/-<br>৫। পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ = ১৫,০০০/-<br>৬। জীপ গাড়ীর জ্বালানী ক্রয় =১০,১৫৯/-</td></tr>
<tr><td>সর্বমোট =১৪,৩৩,৩৩৯/-</td><td>সর্বমোট=৯০,৯৫৯/-</td></tr>
</table>
</td>
<td>i) বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত খাতসমূহের ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সর্বসম্মতিক্রমে ব্যয়উত্তর অনুমোদন দেয়া হলো।<br>ii) প্রতি মাসে উপজেলা পরিষদের মাসিক সভায় আয়-ব্যয়ের হিসাব দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>প্রশাসক (ভারপ্রাপ্ত) উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার</td>
</tr>
<tr>
<td>৩১।প্রশাসক (ভারপ্রাপ্ত) উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার</td>
<td>খ) প্রশাসক (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ ও উপজেলা নিবাহী অফিসার সভায় জানান যে, দিনাজপুর জেলার বিরল উপজেলাধীন ১২টি ইউনিয়ন বিশিষ্ট একটি বড় উপজেলা। এ উপজেলার মাটি উর্বর হওয়ায় কৃষকগণ প্রচুর পরিমানে ধান, আলু চাষাবাদ করেন। আসন্ন ইরি-বোরো মৌসুমে ধান চাষাবাদের জন্য গভীর/অগভীর নলকূপের মাধ্যমে কৃষকদের জমিতে সেচের সুবিধা দেয়া প্রয়োজন। এ উপজেলার কৃষকগণের নিকট হতে গভীর/অগভীর নলকূপ স্কীম স্থাপনের জন্য প্রায় ৫০০টি আবেদন পাওয়া গেছে। উক্ত আবেদনসমূহ বর্তমানে বিরল উপজেলা সেচ কমিটির সদস্য সচিব, সহকারী প্রকৌশলী, বিএডিসি ,দিনাজপুর এর নিয়ন্ত্রণে রয়েছে। জানা গেছে যে, তিনি ঠাকুরগাঁও জেলাসহ দিনাজপুর জেলার প্রায় ৫/৬টি উপজেলার সেচ কমিটির সদস্য সচিব হিসেবে কাজ করছেন। তাঁর ব্যস্ততার কারণে ও অফিসে নিয়মিত জনবল কাঠামো কম থাকায় সঠিক সময়ে সেচ লাইসেন্স প্রদানের ক্ষেত্রে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এখানে উল্লেখ্য যে, কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯ এর ৩(১)(ঝ) এ বলা আছে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন বা ক্ষেত্রমতে, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ এর সহকারী প্রকৌশলী উপজেলা সেচ কমিটির সদস্য সচিব হবেন। এ দিকে এ উপজেলার কৃষকগণ ১৫কি: মি: দূরে সহকারী প্রকৌশলী, বিএডিসি, দিনাজপুর জোন, দিনাজপুর এ অফিস কার্যালয় হওয়ায় কৃষকগণের প্রয়োজনে যোগাযোগের ক্ষেত্রে হয়রানীর স্বীকার হচ্ছেন মর্মে সভায় উপস্থিত সদস্যগণ এবং ইউপি চেয়ারম্যানগণ সহকারী প্রকৌশলী, বিএডিসি, দিনাজপুর এর পরিবর্তে সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বিরল, দিনাজপুরকে সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালনের বিষয়ে আলোচনা করেন।</td>
<td>এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা সেচ কমিটিতে সহকারী প্রকৌশলী, বিএডিসি, দিনাজপুর এর পরিবর্তে সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ , বিরল, দিনাজপুরকে সদস্য সচিব হিসেবে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়। এবিষয়ে জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের সদয় নির্দেশনার জন্য পত্র প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>প্রশাসক (ভারপ্রাপ্ত) উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার</td>
</tr>
</table>

সভায় বিবিধ আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

ইন্দ্রজীত সাহা
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।

